

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৮, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ১৮ই সেপ্টেম্বর, ২০০০ইং/৩রা আশ্বিন, ১৪০৭বাং

এস, আর, ও নং ২৮০-আইন/২০০০ইং বিবিধ-৩/২০০০ (রাজ-৪)—যেহেতু আগামী ২৫-০৯-২০০০ইং তারিখে চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভায় অনুষ্ঠেয় সাধারণ নির্বাচন উপলক্ষ্যে উক্ত এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখা এবং সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার উদ্দেশ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সংশ্লিষ্ট এলাকায় চলাফেরা করার উপর সরকার জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলে মনে করে ;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, চাঁদপুর পৌরসভার জন্য নির্ধারিত নির্বাচনী এলাকায় আগামী ২৩-০৯-২০০০ইং তারিখ সকাল ৬টা হইতে ২৬-০৯-২০০০ইং তারিখ সন্ধ্যা ৬টা পর্যন্ত সময়কালে লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকদের উক্ত এলাকাসমূহে অস্ত্রসহ চলাফেরার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

২। এই আদেশ লঙ্ঘনকারীর বিরুদ্ধে উক্ত section এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৩৮৩৭)

মূল্য : টাকা ১.০০

৩। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথাঃ—

(ক) নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃঙ্খলা বাহিনীর সকল সদস্য ;

(খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী ।

ব্যাখ্যা : এই আদেশে “শৃঙ্খলা বাহিনী” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২তে সংজ্ঞায়িত শৃঙ্খলা বাহিনী ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মতিউর রহমান
উপ-সচিব (রাজ) ।